দৈনিক জনকণ্ঠ

30 DEC 1995
পৃষ্ঠা 2 কলাম 8

242

# উপদলীয় কোন্দলে ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকায় উত্তেজনা

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ জাতীয়তাবাদী ছাত্রদলের অভ্যন্তরীণ কোন্দলের জের হিসাবে ঢাকা বিশ্ববিদ্যালয় সূর্যসেন হলে তীব্র উত্তেজনা বিরাজ করছে। সিট দখলকে কেন্দ্র করে গত মঙ্গলবার রাতে দু'জন ছাত্র আহত হবার পর এ উত্তেজনা সৃষ্টি হয়। ছাত্রলীগের (শা-পা) একটি উপদলীয় গ্রুপ টিএসসি এলাকায় এলে বুধবার দুপুরে সংগঠনের প্রতিপক্ষ গ্রুপ পাঁচ রাউন্ড ফাঁকা গুলি করে। এদিকে অবৈধভাবে থাকার অভিযোগে কবি জসীম উদ্‌দীন হল কর্তৃপক্ষ ছাত্রদলের ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতির কক্ষসহ ছয়টি কক্ষে সীলগালা করেছে। এ খবর পৃথক পৃথক সূত্রের।

জানা যায়, সূর্যসেন হলের ৪১৭ নং কক্ষে ছাত্রদলের প্রতিদ্বন্দ্বী দুই গ্রুপের এক গ্রুপ অপর গ্রুপের দু'জন কর্মীর মাথা ফাটিয়ে দেয়। কাটা রাইফেলের আঘাতে তাদের মাথা ফাটে বলে প্রত্যক্ষদর্শী জানায়। এ ঘটনার পর একটি গ্রুপ এখন হলের বাইরে অবস্থান করছে। হলের ছাত্ররা যে কোন মুহূর্তে অপ্রীতিকর ঘটনার আশঙ্কা করছে।

এদিকে দুপুরে ছাত্রলীগের একটি উপদলীয় গ্রুপ জগন্নাথ হলের দিকে অগ্রসর হয়। দীর্ঘদিন ধরে তারা কোন্দলের জের হিসাবে হলের বাইরে অবস্থান করছে। এ গ্রুপের কয়েকজন টিএসসি এলাকায় এলে পাঁচ রাউন্ড ফাঁকা গুলির আওয়াজ শোনা যায়। পরবর্তীতে গ্রুপটি ক্যাম্পাস ত্যাগ করে।

কবি জসীম উদ্‌দীন হলে কর্তৃপক্ষ ও ছাত্রদল নেতা-কর্মীদের মধ্যে স্নায়ুযুদ্ধ চলছে। গত মঙ্গলবার রাতে হল প্রভোস্ট ছয়টি কক্ষ সীলগালা করায় ছাত্রদল কর্মীরা ক্ষুব্ধ হয়ে ওঠে। উল্লেখ্য, একটি কক্ষে বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি অবস্থান করতেন।